# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১১৩

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ইমাম বসে সালাত আদায় করলে, মুক্তাদীরাও বসে সালাত আদায় করবে মর্মে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নির্দেশকে আমাদের কিছু ইমাম মানসুখ বা রহিত মনে করেন, তারা এই ব্যাপারে যেই হাদীসের কারণে এই সংশয়ে নিপতিত হয়েছেন, তার বিবরণ

## ذِكْرُ خَبَرٍ أَوْهَمَ بَعْضَ أَئِمَّتِنَا أَنَّهُ نَاسِخٌ لِأَمْرِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمَأْمُومِينَ بِالصَّلَاةِ قُعُودًا إِذَا صَلَّى إِمَامُهُمْ جَالِسًا

---

আরবী

2113 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا حُسَيْنُ بْنُ عَلِيٍّ عَنْ زَائِدَةَ عَنْ مُوسَى بْنِ أَبِي عَائِشَةَ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ عُتْبَةَ قَالَ: دَخَلْتُ عَلَى عَائِشَةَ فَقُلْتُ لَهَا: أَلَا تُحَدِّثِينِي عَنْ مَرَضِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ؟ قَالَتْ: بَلَى ثَقُلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: (أَصَلَّى النَّاسُ)؟ فَقُلْتُ: لَا , هُمْ يَنْتَظِرُونَكَ يَا رَسُولَ اللَّهِ قَالَ: (ضَعُوا لِي مَاءً فِي الْمِخْضَبِ) قَالَتْ: فَفَعَلْنَا فَاغْتَسَلَ ثُمَّ ذَهَبَ لِيَنُوِيَ فَأُغْمِيَ عَلَيْهِ ثُمَّ أَفَاقَ فَقَالَ: (أَصَلَّى النَّاسُ)؟ فَقُلْتُ: لَا , هُمْ يَنْتَظِرُونَكَ يَا رَسُولَ اللَّهِ وَالنَّاسُ عُكُوفٌ فِي الْمَسْجِدِ يَنْتَظِرُونَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِصَلَاةِ الْعِشَاءِ الْآخِرَةِ قَالَتْ: فَأَرْسَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَى أَبِي بَكْرٍ الصِّدِّيقِ: أَنْ صَلِّ بِالنَّاسِ فَأَتَاهُ الرَّسُولُ فَقَالَ: إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَأْمُرُكَ أَنْ تُصَلِّيَ بِالنَّاسِ فَقَالَ أَبُو بَكْرٍ ـ وَكَانَ رَجُلًا رَقِيقًا ـ: يَا عُمَرُ صَلِّ بِالنَّاسِ فَقَالَ لَهُ عُمَرُ: أَنْتَ أَحَقُّ بِذَلِكَ قَالَ: فَصَلَّى بِهِمْ أَبُو بَكْرٍ تِلْكَ الْأَيَّامَ قَالَتْ: ثُمَّ إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَجَدَ مِنْ نَفْسِهِ خِفَّةً فَخَرَجَ بَيْنَ رَجُلَيْنِ لِصَلَاةِ الظُّهْرِ وَأَبُو بَكْرٍ يُصَلِّي بِالنَّاسِ قَالَتْ: فَلَمَّا رَآهُ أَبُو بَكْرٍ ذَهَبَ لِيَتَأَخَّرَ فَأَوْمَأَ إِلَيْهِ أَنْ لَا يَتَأَخَّرَ وَقَالَ لَهُمَا: (أَجْلِسَانِي إِلَى جَنْبِهِ) فَأَجْلَسَاهُ إِلَى جَنْبِ أَبِي بَكْرٍ فَجَعَلَ أَبُو بَكْرٍ يُصَلِّي ـ وَهُوَ قَائِمٌ ـ بِصَلَاةِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ , وَالنَّاسُ يُصَلُّوْنَ بِصَلَاةِ أَبِي بَكْرٍ , وَالنَّبِيُّ – صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ – قَاعِدٌ.

قَالَ عُبَيْدُ اللَّهِ: فَدَخَلْتُ عَلَى عَبْدِ اللَّهِ بْنِ عَبَّاسٍ فَقُلْتُ: أَلَا أَعْرِضُ عَلَيْكَ مَا حدَّثتني عَائِشَةُ عَنْ مَرَضِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ؟ فَقَالَ: هَاتِ فَعَرَضْتُ حديثها عليه فما أنكر منه شيئاً.

الراوي : عُبَيْد اللَّهِ بْن عَبْدِ اللَّهِ بْنِ عُتْبَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني |

المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2113 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

২১১৩. উবাইদুল্লাহ বিন আবদুল্লাহ বিন উতবাহ হতে বর্ণিত, তিনি বলেন, “আমি আয়িশাহ রাদ্বিয়াল্লাহু আনহার কাছে গিয়ে বললাম, “আপনি কি আমাকে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের অসুস্থতা সম্পর্কে আমাকে হাদীস বর্ণনা করবেন না?” তিনি বললেন, “হ্যাঁ, অবশ্যই। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের অসুস্থতা অত্যন্ত বেড়ে যায়, সে সময় আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জিজ্ঞেস করলেন, “লোকেরা কি সালাত আদায় করে ফেলেছে?” আমরা বললাম, “জ্বী, না। হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, তাঁরা আপনার জন্য অপেক্ষা করছে।” তিনি বললেন, “আমার জন্য পাত্রে পানি দাও।” আয়িশাহ রাদ্বিয়াল্লাহু আনহা বলেন, “আমরা তাই করলাম। তিনি গোসল করলেন। অতঃপর একটু উঠতে চাইলেন, কিন্তু বেহুঁশ হয়ে গেলেন। তারপর কিছুক্ষণ পর হুঁশ ফিরে পেয়ে বললেন, “লোকজন কি সালাত আদায় করে নিয়েছে?” আমি বললাম, “জ্বী, না। হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, তারা আপনার জন্য অপেক্ষা করছেন।” এসময় সাহাবীগণ ইশার সালাতের জন্য নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের অপেক্ষায় মসজিদে অবস্থান করছিলেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আবূ বকর রাদ্বিয়াল্লাহু আনহুর নিকট এ মর্মে লোক পাঠালেন যে, তিনি যেন লোকদের নিয়ে সালাত আদায় করেন। সংবাদ বাহক আবূ বকর রাদ্বিয়াল্লাহু আনহুর নিকট উপস্থিত হয়ে বললেন, “নিশ্চয়ই আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আপনাকে লোকদের নিয়ে সালাত আদায় করার নির্দেশ দিয়েছেন।” আবূ বকর রাদ্বিয়াল্লাহু আনহু অত্যন্ত কোমল মনের লোক ছিলেন, তিনি ‘উমার রাদ্বিয়াল্লাহু আনহুরকে বললেন, “হে উমার রাদ্বিয়াল্লাহু আনহু, আপনি সাহাবীগণকে নিয়ে সালাত আদায় করুন।” উমার রাদ্বিয়াল্লাহু আনহু বললেন, “আপনিই এর অধিক উপযুক্ত। তাই আবূ বকর রাদ্বিয়াল্লাহু আনহু সে কয়দিন সালাত আদায় করলেন।

আয়িশাহ রাদ্বিয়াল্লাহু আনহা বলেন, “ অতঃপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একটু হাল্কাবোধ করলেন এবং দু’জন লোকের কাঁধে ভর করে যুহরের সালাতের জন্য বের হলেন। এসময় আবূ বকর রাদ্বিয়াল্লাহু আনহু সাহাবীগণকে নিয়ে সালাত আদায় করছিলেন।” আয়িশাহ রাদ্বিয়াল্লাহু আনহা বলেন, “যখন আবূ বকর রাদ্বিয়াল্লাহু আনহু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে দেখতে পেলেন, পিছনে সরে আসতে চাইলেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁকে পিছিয়ে না আসার জন্য ইঙ্গিত করলেন এবং তিনি তাঁর দুই পাশের ব্যক্তিদ্বয়কে বললেন, “তোমরা আমাকে তাঁর পাশে বসিয়ে দাও।” ফলে তাঁরা তাঁকে আবূ বকর রাদ্বিয়াল্লাহু আনহুর পাশে

বসিয়ে দিলেন। অতঃপর আবু বাকর রাদ্বিয়াল্লাহু আনহু দাঁড়িয়ে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সালাতের ইক্তিদা করে সালাত আদায় করতে লাগলেন। আর সাহাবীগণ আবূ বকর রাদ্বিয়াল্লাহু আনহুর সালাতের ইক্তিদা করতে লাগলেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তখন উপবিষ্ট ছিলেন।”

উবাইদুল্লাহ বলেন, “অতঃপর আমি আবদুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুর নিকট উপস্থিত হয়ে বললাম, “নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের অন্তিমকালের অসুস্থতা সম্পর্কে আয়িশাহ রাদ্বিয়াল্লাহু আনহা আমাকে যে হাদীস বর্ণনা করেছেন, তা কি আমি আপনার নিকট পেশ করব না?” তিনি বললেন, “বলুন।” তারপর আমি তাঁর কাছে আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহার হাদীস পেশ করলাম। হাদীস শুনার পর তিনি সেই ব্যাপারে কোন রকম আপত্তি করেননি।” [1]

## ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু শাইবাহ: ২/৩৩২; আহমাদ: ৬/৬/২৫১; নাসাঈ: ১০১-১০২; সহীহুল বুখারী: ৬৮৭; সহীহ মুসলিম: ৪১৮; আবূ আওয়ানা: ২/১১১; দারেমী: ১/২৮৭; তাহাবী, শারহু মাআনিল আসার: ১/৪০৫; সুনান বাইহাকী: ৩/৮০; হুমাইদী: ২৩৩; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৯৭৫৪; আহমাদ: ৬/২২৮; ইবনু মাজাহ: ১৬৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ১১১৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ উবাইদুল্লাহ ইবনু আবদুল্লাহ ইবন ‘উতবাহ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91431

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন